

# 💵 হাদীস সম্ভার

# হাদিস নাম্বারঃ ১৩০৭

# ১১/ জানাযা

পরিচ্ছেদঃ জানাযার সাথে যাওয়া, তাকে কবরস্থ করার কাজে অংশ নেওয়ার মাহাত্ম্য এবং জানাযার সাথে মহিলাদের যাওয়া নিষেধ

### আববী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْهُا فَلَهُ قِيرَاطُ وَمَنْ شَهِدَ الْجَنَازَةَ حَتَّى يُصلَّى عَلَيْهَا فَلَهُ قِيرَاطُ وَمَنْ شَهِدَهَا حَتَّى يُصلَّى عَلَيْهَا فَلَهُ قِيرَاطَانِ قِيلَ وَمَا الْقِيرَاطَانِ قَالَ مِثْلُ الْجَبَلَيْنِ الْعَظِيمَيْنِ \_ وَمَنْ شَهِدَهَا حَتَّى تُدْفَنَ فَلَهُ قِيرَاطَانِ قِيلَ وَمَا الْقِيرَاطَانِ قَالَ مِثْلُ الْجَبَلَيْنِ الْعَظِيمَيْنِ \_ وَكَانَ ابْنُ عُمَرَ يُصلِّى عَلَيْهَا ثُمَّ يَنْصَرِفُ فَلَمَّا بَلَغَهُ حَدِيثُ أَبِى هُرَيْرَةَ قَالَ لَقَدْ ضَيَّعْنَا قَرَارِيطَ كَثِيرَةً

#### বাংলা

(১৩০৭) আবূ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি জানাযায় শরীক হয়ে নামায পড়া পর্যন্ত উপস্থিত থাকবে তার হবে এক 'কীরাত্ব' নেকী। আর যে ব্যক্তি দাফন শেষ হওয়া পর্যন্ত উপস্থিত থাকবে তার হবে দুই 'কীরাত্ব' নেকী। জিজ্ঞাসা করা হল, 'দুই কীরাত্ব কি? তিনি বললেন, দুই সুবৃহৎ পর্বত সমতুল্য। (বুখারী ১৩২৫ মুসলিম ২২৩২)

ইবনে উমার (রাঃ) জানাযা পড়ে ফিরে যেতেন। অতঃপর যখন তাঁর নিকট আবূ হুরাইরার এ হাদীস পৌঁছল, তখন তিনি বললেন, 'বহু কীরাত আমরা নষ্ট করে ফেলেছি।' (মুসলিম ২২৩২)

# হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন